গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা,
www.moha.gov.bd

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাভুক্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক "ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্পের ২০২৫-২৬ অর্থবছরের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (PSC) ৪র্থ সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | |
| সভার তারিখ | ০৭ জুন ২০২৬ |
| সভার সময় | বেলা ০৩.৩০ টায় |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষ (কক্ষ নং-২০৮, ভবন-০৮, ৩য় তলা) |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

**২.০** উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, "ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্পটি ২০২৫-২৬ অর্থবছরে সংশোধিত এডিপি'তে ৩৮০০.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। উক্ত বরাদ্দ হতে চলতি অর্থবছরে ২১২২.০০ লক্ষ টাকা সমর্পণ করার প্রস্তাব ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ ১৪৭৬.০০ লক্ষ (চৌদ্দ কোটি ছিয়াত্তর লক্ষ) টাকা অবমুক্তকরণ করা হয়েছে। প্রকল্পের কাজ দ্রুতগতিতে চলমান আছে।

## ৩.০ আলোচনা ও সিদ্ধান্ত:

| প্রকল্প সম্পর্কিত তথ্যাদি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|

| | | |
|---|---|---|
| **প্রকল্পের নাম:**<br><br>“ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ” শীর্ষক প্রকল্প<br><br>**প্রাক্কলিত ব্যয়:**<br><br>১৬২.৩৪ কোটি টাকা<br><br>**বাস্তবায়নকাল:**<br>জুলাই ২০২২ হতে<br>জুন ২০২৭<br>**ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি:**<br><br>৭৭.৪৮ কোটি টাকা (৪৭.৭৩%)<br>বাস্তব অগ্রগতি: ৬৫%<br>২০২৫-২৬ অর্থবছরে জুলাই ২০২৫ হতে মে ২০২৬ পর্যন্ত ব্যয়: ৬.৯১ কোটি টাকা<br>**বাস্তবায়নকারী সংস্থা:**<br>প্রকল্প পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>**প্রকল্প পরিচালক:**<br>নাম: মোহাম্মদ মাহফুজুল আলম<br>পদবী: প্রকল্প পরিচালক (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)<br>মোবাইল: ০১৭১২০৮০১৫০ | প্রকল্প পরিচালক সভায় জানান, ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০২৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্ত করতে প্রকল্পের ব্যয় বৃদ্ধিসহ সংশোধন প্রয়োজন। সে লক্ষ্যে DPP সংশোধনের কাজ চলমান রয়েছে। জুন ২০২৬ মাসের মধ্যে সংশোধিত ডিপিপি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><br>প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহের মধ্যে প্রধান পূর্ত কাজ- ড্রাগ ডি-অ্যাডিকশন ও প্রশিক্ষণ কেন্দ্র (১টি বেইজমেন্টসহ ১৩তলা ভবন ও ৮তলা ভবন) স্ট্রাকচার সমাপ্ত, ব্রিক ওয়ার্ক ও প্লাস্টারের কাজ সমাপ্ত। ফেয়ারফেস কংক্রিটের কাজ চলমান। ভবন নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ৬৫%। ৬তলা বিশিষ্ট প্রশাসনিক ব্লকের বাথরুমের টাইলসের কাজ সমাপ্ত, ফ্লোর টাইলসের কাজ ৯০% সমাপ্ত। চৌকাঠের কাজের অগ্রগতি ৮০%। ভবন নির্মাণ কাজের ভৌত অগ্রগতি ৭৫%। মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্রের সংস্কার ও উর্ধ্বমুখী সম্প্রসারণ (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) এর স্ট্রাকচার, ব্রিক ওয়ার্ক ও প্লাস্টারের কাজ সমাপ্ত। সিড়ি এবং লিফট কোরের স্ট্রাকচার কাজ সমাপ্ত। প্রশাসনিক ভবনের কাজ পুরোপুরি সমাপ্ত হলে ১-৫ তলার সংস্কার কাজ শুরু হবে। বাস্তব অগ্রগতি ৩৭%।<br><br>DPP তে অন্তর্ভুক্ত পূর্ত ই.এম কাজের সকল প্যাকেজের কার্যাদেশ দেওয়া হয়েছে। সাবস্টেশন, Heating, Ventilation, and Air Conditioning (HVAC) সিস্টেম এবং ফোর্স ভেন্টিলেশন সিস্টেমের মালামাল সাইটে আসা চলমান। সিভিল কাজের সাথে সমন্বয় করে ইলেকট্রো-মেকানিক্যাল কাজসমূহ চলমান আছে। ৮টি লিফটের মালামাল সাইটে এসে পৌঁছেছে। সাবস্টেশন ভবন, লিঙ্ক করিডোর, কম্পাউন্ড ড্রেন, সীমানা প্রাচীর, মেইন গেইট, বহিঃস্থ পানি সরবরাহ, অভ্যন্তরীণ রাস্তার কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৩০%। | (ক) ব্যয় বৃদ্ধির প্রস্তাবসহ প্রকল্পের আরডিপিপি দ্রুত অনুমোদনের জন্য এ মন্ত্রণালয়ের মাধ্যমে ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে;<br><br>(খ) বার্ষিক ক্রয় পরিকল্পনা ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা মোতাবেক ভৌত ও আর্থিক অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; |

০৪।**৪.০** সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করা হয়।

১৬-০৬-২০২৬
মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব
ফোন : +৮৮০২২২৩৩৫৩৭১০
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৪৭২৯০
ইমেইল : secretary@moha.gov.bd

তারিখ: ২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ১৬ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪৪.০০.০০০০.০০০.০৬৬.৩১.০০০২.২৬.৩৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
২। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৩। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৫। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬। অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৮। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
৯। অতিরিক্ত প্রধান স্থপতি (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত প্রধান স্থপতির দপ্তর (জোন-১), স্থাপত্য অধিদপ্তর।
১০। যুগ্মসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১। প্রকল্প পরিচালক, "ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিককীকরণ" শীর্ষক প্রকল্প, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা, সেগুনবাগিচা, ঢাকা।
১২। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১৩। সিস্টেম এনালিস্ট-২, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১৬-০৬-২০২৬
আলীমুন রাজীব
উপসচিব